পশ্চিমবঙ্গ সরকার
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের করণ,
মালদা

স্মারক সংখ্যা : ডিএলএলআরও/জলকর/ ১২৮৪ তারিখ - ২৪/০৬/২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা মালদহ জেলার সমস্ত প্রাইমারী (Primary) মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, মৎস্য উৎপাদন গ্রুপ (এফ.পি.জি) এবং মৎস্য চাষের সহিত যুক্ত স্বনির্ভর গ্রুপ (এস.এইচ.জি) গুলিকে জানানো যাচ্ছে যে, মালদা জেলার অন্তর্গত ইংরেজ বাজার ব্লকের নিম্ন উল্লেখিত জলকর বাংলা ১৪২৬ সনের পয়লা বৈশাখ থেকে সনের ৩১শে চৈত্র পর্যন্ত ৫ (পাঁচ) বছরের জন্য নিম্ন লিখিত শর্তাসাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়া হবে। উক্ত জলকরটির বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, মৎস্য উৎপাদন গ্রুপ এবং স্বনির্ভর গ্রুপগুলির নিকট থেকে নুন্যতন ১০.০০(দশ)টাকা মূল্যের কোর্ট ফি সংযুক্ত দরখাস্তে গালা সীল দিয়ে মুখবন্ধ খামে প্রত্যেকটি জলকরের জন্য পৃথক পৃথক দরপত্র আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী

১) দরপত্রে দাখিলকারী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, মৎস্য উৎপাদন গ্রুপ ও স্বনির্ভর গ্রুপ-এর সম্পাদকের স্বাক্ষর ও সীলমোহর লাগাতে হবে এবং রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে। সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখতে হবে

২) খামের উপর সমিতির সীলমোহর লাগাতে হবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তা পরিস্কার ভাবে খামের উপরেও উল্লেখ করতে হবে।

৩) দরপত্রে দরের পরিমান কোন কাটাকাটি ছাড়া সংখ্যায় ও কথায় লিখতে হবে।

৪) একটি জলকরে দুই বা তার অধিক সমিতি যুক্ত নামে অংশ গ্রহণ করতে পারবেন না।

৫) দরপত্র অদ্য ইং **২৪/০৬/২০১৯** <u>তারিখ থেকে ০১/০৭/২০১৯</u> পর্যন্ত প্রতি কাজের দিন সকাল ১১টা থেকে বেলা ৪টা পর্যন্ত ইংরেজ বাজার সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের করণে এবং জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের করণে এ দরপত্র বাক্সে জমা দেওয়া যাবে। কোন দরপত্র উক্ত সময়ের পর জমা দিলে দরপত্র গৃহীত হবে না বা গ্রাহ্য হবে না।

৬) ইং <u>০১/০৭/২০১৯</u> তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র প্রদানকারীদের সম্মুখে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের করণ এ জলকরটির টেন্ডার বক্স খোলা হবে এবং বৈধ টেন্ডারগুলি আলাদা করা হবে। অবৈধ টেন্ডার যা ৯নং বর্ণিত নির্দেশনামার বলা আছে তা বিবেচনা করা হবে না ও তা বাতিল বলে গন্য হবে। বৈধ দরপত্র প্রদানকারীর তালিকা ঐ দিনই (<u>০১/০৭/২০১৯</u>) প্রকাশিত হবে ও বৈধ টেন্ডারগুলি দরপত্রদাতাদের সামনে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারীকের কক্ষে খোলা হবে।

৭) যে সকল দরপত্রগুলি গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে, সেটি গ্রহণ করা সর্বদাই যথাযথ উর্দ্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষে।

৮) দরপত্র গ্রহণ যোগ্য বলে বিবেচিত হলে, খাজনা (লিজ রেন্ট) -এর ১/৪ অংশ টাকা সঙ্গে সঙ্গে প্রয়োজনীয় রশিদমুলে জমা করতে হবে। বকেয়া টাকা দরপত্র প্রদানকারী ০৩ (তিন) মাসের মধ্যে আদায় দিতে বাধ্য থাকবেন। সমস্ত ব্লকের জলকর পরবর্তী বছরগুলির টাকা বছর শুরুর পূর্বেই জমা করতে হবে। <u>প্রতি ক্ষেত্রে **Post dated cheque** জমা দিতে হবে</u>। অন্যথায় বিনা নোটিশে উক্ত দরপত্র প্রদানকারীর দাখিলীকৃত টাকা সরকারের পক্ষে বাজেয়াপ্ত হয়ে জলকরটি নতুনভাবে বন্দোবস্তের যোগ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রাহ্য হবে না। এইরূপভাবে বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পুনরায় দরপত্র প্রদান করিতে পারিবেন না। এ ছাড়া প্রথম দরপত্র বাতিল করে দ্বিতীয় দরপত্র আহ্বান করার ক্ষেত্রে দর যদি প্রথম দরপত্রের দর অপেক্ষা কম হয়, সেক্ষেত্রে যে পরিমান টাকা কম হবে, তা বাতিলীকৃত দরপত্র প্রদানকারী আদায় দিতে বাধ্য থাকবেন। আপোষে আদায় না দিলে বেঙ্গল পি.ডি.আর. এ্যাক্ট মূলে আদায় যোগ্য হবে।

৯) <u>কালো তালিকাভুক্ত সমিতি অথবা যে সমস্ত সমিতির দরপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষ দ্বারা গ্রহণ নিষিদ্ধ হয়েছে অথবা যে সমস্ত সমিতি পূর্বের দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ করেন নি, তারা দরপত্র দাখিল করতে পারবেন না বা দাখিল করলেও তা গ্রাহ্য হবে না।</u>

১০) বন্দোবস্ত নেওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে ইজারাদারদের নিজ খরচায় প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন ও রেজিস্ট্রী করতে হবে। চুক্তিপত্র সম্পাদন না করলে সরকারের অনুমোদিত চুক্তিপত্রের প্রতিটি ধারা ইজারাদারের উপর বর্তাবে ও প্রযোজ্য হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ বন্দোবস্তটি বাতিল করতে পারবেন।

ক্রমশ-২

Scanned by CamScanner

১১) কোন কারণ না দর্শিয়েই নিম্ন স্বাক্ষরকারী ও উদ্ধতন কর্তৃপক্ষের দরপত্র গ্রহণ,বর্জন, পরিবর্তন, পরিবর্দ্ধন ও পরিবর্জন করার অধিকার থাকবে ।
১২) সর্বোচ্চ দর আশানুরূপ না হলে নিম্নস্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করতে পারবেন ।
১৩) সংরক্ষিত মূল্য জলকরের পাশে উল্লেখ করা হলো ।
১৪) বন্দোবস্ত গ্রহণকারীরা চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নতুন কোন শর্ত আরোপিত হলে তাও মেনে চলতে বাধ্য থাকবেন ।
১৫) গৃহীত দর বাষিক নুন্যতমপক্ষে ৫ (পাঁচ) শতাংশ হারে বৃদ্ধি পাবে অর্থাৎ প্রথম বৎসরের দর যদি ১০০ টাকা হয়, তবে পরের বছর বার্ষিক প্রদত্ত দর হবে ন্যূপক্ষে ১০৫ টাকা ।
১৬) প্রতি দরপত্রের সাথে ১০,০০০ টাকার **"Bank Draft" Eatnest Money** হিসাবে জমা দিতে হবে । **Bank Draftটি ADM&DL&LRO, Malda** এর অনুকূলে প্রদেয় হবে ।

(১) জলকররের নাম:- ঝিটিপুকুর
ব্লক - ইংরেজ বাজার
মৌজা-আরাজীফুলবাড়ি, জে.ল. নং-১০৬,
দাগ নং-৭৯, পরিমান-০৫.৭১ একর
সংরক্ষিত মুল্য-২২,৮০০/- টাকা

অতিরিক্ত জেলাশাসক ও
জেলা ভুমি ও ভুমি সংস্কারক আধিকারিক
মালদা।

স্মারক সংখ্যা : ডিএলএলআরও/জলকর/১২৮৪/১(৬৩) তারিখ - ২৪/০৬/২০১৯

পত্রের অনুলিপি মহাশয়গণের জ্ঞাতার্থে এবং যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হ'ল : -
১) সভাধিপতি, মালদা জেলা পরিষদ, মালদহ ।
২) জেলা শাসক ও জেলা সমাহর্তা, মালদহ ।
৩) জেলা আরক্ষাধ্যক্ষ, মালদহ ।
৪-৫) মহকুমা শাসক, মালদা সদর / চাঁচল মহকুমা, মালদহ ।
৬-৭) মহকুমা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, মালদা সদর / চাঁচল মহকুমা, মালদহ ।
৮) জেলা মৎস্য আধিকারি (ডি.এফ.ও.), মালদহ ।
৯) এ.ডি.এফ.ও, মীন ভবন, মঙ্গলবাড়ী, মালদহ ।
১০-২৪) সমষ্টি উন্নয়ণ আধিকারিক, ________________
২৫-৪০) সভাপতি, ________________ পঞ্চায়েত সমিতি
৪১-৫৪) সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, ________________
৫৫-৬০) প্রধান, ________________ গ্রাম পঞ্চায়েত ।
৬১) আই সি./ও.সি.. জেলা-মালদহ ।
৬২) সম্পাদক.. জেলা-মালদহ।
৬৩) ডিস্টিক্ট ইনফরমেশন্ অফিসার, এন.আই.সি. মালদা,জেলা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য ।

অতিরিক্ত জেলাশাসক ও
জেলা ভুমি ও ভুমি সংস্কারক আধিকারিক
মালদা।

Scanned by CamScanner